

# যুক্তরাজ্যে অদৃশ্য টিবি পরীক্ষা

আপনার বুকের এক্স-রে দেখাচ্ছে যে আপনার ফুসফুসে টিবি রোগ নেই। এটি একটি ভালো খবর। আপনি এখন আপনার যুক্তরাজ্যের ভিসার জন্য আবেদন করতে পারবেন, এবং তার সাথে আপনার টিবি ক্লিয়ারেন্স সার্টিফিকেটটিও অন্তর্ভুক্ত করতে ভুলবেন না।

**কিন্তু এটি মাথায় রাখা খুবই গুরুত্বপূর্ণ যে, আপনার টিবি হতে পারে, আপনি যুক্তরাজ্যে আসার পরেও।**

এটির কারণ হল এই যে, প্রতি 4 জনের মধ্যে 1 জনের শরীরে টিবি ব্যাকটেরিয়া অদৃশ্য অবস্থায় থাকে – এটিকেই বলা হয় 'অদৃশ্য টিবি'। অদৃশ্যটিবি বুকের এক্স-রে করলেও ধরা পড়ে না, তাই আপনার শরীরে অদৃশ্য টিবি থাকতেও পারে, আপনি তা জানতেও পারবেন না। ভবিষ্যতে অদৃশ্য টিবি যখন-তখন সক্রিয় হতে পারে এবং আপনাকে অসুস্থ করতে পারে। এটি কিন্তু আপনার যুক্তরাজ্য বাসের প্রথম কয়েক বছরে জেগে উঠে আপনাকে অসুস্থও করতে পারে।

## সক্রিয় যক্ষা



- টিবি ব্যাকটেরিয়া 'সজাগ'
- আপনি অসুস্থতা বোধ করবেন
- আপনি অন্যদের মাঝে যক্ষা ছড়াতে পারেন

লক্ষণসমূহঃ  
কফ, জ্বর, ওজন  
কমা, রুচিহীনতা,  
ঘুমের মাধে ঘোমে  
উঠা, ক্লান্তি

## সুপ্ত যক্ষা



- টিবি ব্যাকটেরিয়া 'সুপ্ত'
- আপনি অসুস্থতা বোধ করবেন না
- আপনি অন্যান্যদের মাঝে যক্ষা ছড়াতে পারেন না

আপনার  
মাধে প্রতি 10  
জনে 1 জন হিসেবে  
সক্রিয় যক্ষা হওয়ার  
সম্ভাবনা রয়েছে



টিবি অ্যালার্ট (TB Alert) হল যুক্তরাজ্যের জাতীয় টিবি চ্যারিটি, যারা কাজ করে চলেছে পাবলিক হেল্থ ইংল্যান্ডের সাথে, যাতে তারা টিবি-তে আক্রান্ত সম্প্রদায়গুলির স্বাস্থ্যের পরিচর্যা করতে পারে। অদৃশ্য টিবি সম্পর্কে বিস্তারিত জানুন এখান থেকে: [www.thetruthabouttb.org/latent-tb](http://www.thetruthabouttb.org/latent-tb)

সৌভাগ্যবশত, আপনাকে  
অসুস্থ করার আগে অদৃশ্য  
টিবি-কে চিকিৎসা করা যায়  
অ্যান্টি-বায়োটিক দিয়ে।

যুক্তরাজ্যে পৌঁছানোর পর, আপনি একটি ন্যাশানাল  
হেল্থ সার্ভিস (NHS) পারিবারিক ডাক্তার যাকে জেনারেল  
প্র্যাক্টিশনার বা 'জিপি' বলা হয়, তার কাছে নথিভুক্ত হতে  
পারবেন। আপনার জিপি আপনাকে হয়ত কিছু রক্তের  
পরীক্ষা করতে দিতে পারে যাতে আপনার অদৃশ্য টিবি  
ধরা পড়তে পারে। যদি আপনার অদৃশ্য টিবি হয় আপনার  
চিকিৎসা করা হবে, যাতে ব্যাকটেরিয়া গুলিকে ধ্বংস করা  
যায় এবং আপনার ভবিষ্যতের স্বাস্থ্যকে সুরক্ষিত রাখা যায়।

পরীক্ষা ও চিকিৎসা গোপনীয় থাকবে এবং তা বিনামূল্যে  
প্রদান করা হবে, আর এটি আপনার ভিসার অবস্থা বা  
যুক্তরাজ্যে থাকার অধিকারকে প্রভাবিত করবে না।

এই প্রচারপত্রটি নিরাপদ স্থানে রাখুন যাতে আপনার মনে  
থাকে যে, আপনাকে একটি জিপি-র সাথে নথিভুক্ত হতে  
হবে, অথবা দ্রুত ডাক্তার দেখাতে হবে, যদি আপনার মাঝে  
টিবি-র উপসর্গ দেখা যায়।



আপনি আপনার নিকটবর্তী জিপি-র সন্ধান পেতে পারেন এখানে: [www.thetruthabouttb.org/FindaGP](http://www.thetruthabouttb.org/FindaGP)